

১০ এপ্রিল ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিজ্ঞান শিক্ষক হৃদয় মন্ডল জামিন পাওয়ায় আইনজীবী সহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানাচ্ছে ব্লাস্ট

মুন্সীগঞ্জের বিনোদপুর রামকুমার উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান শিক্ষক হৃদয় মন্ডল জামিন পাওয়ায় আইনজীবী সহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানাচ্ছে ব্লাস্ট। মুন্সীগঞ্জের জেলা ও দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক আজ তার জামিন মঞ্জুর করেন। ব্লাস্ট মুন্সীগঞ্জ জেলা বার এসোসিয়েশনের সকল আইনজীবীকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছে।

আদালতে হৃদয় মন্ডলের পক্ষে ছিলেন আইনজীবী শাহীন মোহাম্মদ আমানুল্লাহ। শুনানীতে হৃদয় মন্ডলের পক্ষে বিশিষ্ট আইনজীবী ও ব্লাস্টের ট্রাস্টি বোর্ড সদস্য এডভোকেট জেড আই খান পান্নার তত্ত্বাবধানে ব্লাস্টের প্যানেল আইনজীবী ও বাংলাদেশ সুপ্রীম কোর্টের অ্যাডভোকেট মোঃ বদিউজ্জামান তপাদার ও ব্লাস্টের সহকারী পরিচালক (আইন) অ্যাডভোকেট মোঃ রাশেদুল ইসলাম অংশ নেন। রাষ্ট্রপক্ষে শুনানি করেন আইনজীবী সিরাজ ইসলাম পল্টু।

উল্লেখ্য, ধর্মীয় অনুভূতিতে আঘাতের কথিত অভিযোগে ছাত্র ও স্থানীয়দের প্রতিবাদের প্রেক্ষিতে তাকে দণ্ডবিধির ২৯৫/২৯৫ক ধারা (কোন শ্রেণির লোকের ধর্মের অবমাননার উদ্দেশ্যে কোন প্রার্থনার স্থান ধ্বংস, নষ্ট বা দূষিত করা/প্রতিহিংসাবশত কোন শ্রেণীর লোকের ধর্ম বা ধর্মীয় বিশ্বাসের অবমাননা করা) এর অধীনে ২২ মার্চ ২০২২ গ্রেফতার করা হয়।

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

[communication@blast.org.bd](mailto:communication@blast.org.bd)